NEW YORK STATE OF OPPORTUNITY. | Office for People With Developmental Disabilities

স্বাগতম!

বিকাশজনিত প্রতিবন্ধী থাকা ব্যক্তিদের অফিসের (Office for People With Developmental Disabilities, OPWDD) ফ্রন্ট ডোরে যোগাযোগ করার জন্য ধন্যবাদ। আমরা আপনাকে পরিষেবা পেতে সাহায্য করব। ফ্রন্ট ডোর প্রক্রিয়ার মাধ্যমে আপনাকে সাহায্য করার জন্য গুরুত্বপূর্ণ তথ্য সহ একটি ওয়েলকাম প্যাকেট সংযুক্ত আছে।

নীচে OPWDD পরিষেবাসমূহ পেতে আপনাকে প্রধানত যে সব পদক্ষেপ সম্পূর্ণ করতে হবে তার একটি চেকলিস্ট। নিম্নলিখিত পাতায় আপনি প্রতিটি পদক্ষেপের আরও বিশদ বিবরণ পেতে পারেন। যদি আপনি কখনও প্রক্রিয়ার কোথায় আছেন অথবা প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে যোগাযোগ করুন: **[Phone number, Email, Name of Front Door Facilitator if assigned]**

যেহেতু আপনি এই চিঠিটি পাচ্ছেন, আপনি সম্ভবত প্রথম পদক্ষেপ সম্পূর্ণ করেছেন: **ফ্রন্ট ডোরের সঙ্গে প্রাথমিকভাবে যোগাযোগ করুন**। তাই হলে, আপনি ইতিমধ্যেই নিয়ে না থাকলে, পরের গুরুত্বপূর্ণ পদক্ষেপ হলো এই প্রক্রিয়ায় নিজের সাহায্যের জন্য **যোগাযোগ করে একটি পরিচর্যা সমন্বয় সংস্থা বেছে নিন**। আপনার ওয়েলকাম প্যাকেটে এইসব এজেন্সি সম্পর্কে তথ্য দেয়া আছে।

☑	**ফ্রন্ট ডোরের মূল পদক্ষেপ** এই পদক্ষেপ সম্পর্কে আরও বিশদে জানতে অনুগ্রহ করে উল্টোদিকে দেখুন	দ্রষ্টব্য	যোগাযোগের ব্যক্তি
	OPWDD-এর মাধ্যমে ফ্রন্ট ডোরের সঙ্গে **প্রাথমিকভাবে যোগাযোগ** করুন।		
	একটি **পরিচর্যা সমন্বয় সংস্থা (Care Coordination Organization, CCO)** বেছে নিন		
	OPWDD **যোগ্যতা** প্রতিষ্ঠা করুন		
	ফ্রন্ট ডোরের একটি **তথ্য প্রদান পর্বে** অংশ নিন		
	পরিষেবা প্রয়োজনের মূল্যায়নের জন্য OPWDD-এর সঙ্গে কাজ করুন		
	আপনার কেয়ার ম্যানেজারের সঙ্গে আপনার **জীবনের পরিকল্পনা** তৈরি করুন		

আপনার ওয়েলক্যাম প্যাকেটে ন্যূনতম নিম্নলিখিত আইটেম থাকবে।

- ফ্রন্ট ডোরের প্রচারপত্র (কীভাবে আমি পরিষেবা পেতে পারি?)

- ফ্রন্ট ডোরের তথ্য প্রদান পর্বের সময়সূচি
- কেয়ার ম্যানেজমেন্টের প্রচারপত্র: কভারেজ এরিয়া এবং প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী অথবা যেখানে উপলব্ধ সেখানে অ-Medicaid পরিষেবা সমন্বয় (N-MSC) সংস্থা।

প্রাথমিক যোগাযোগ

যখন আপনি স্থানীয় OPWDD ফ্রন্ট ডোরের সঙ্গে যোগাযোগ করবেন, তখন আপনাকে আপনার ঠিকানা, বর্তমান ফোন নম্বর, ইমেল ঠিকানা ও আপনার সঙ্গে যোগাযোগ করার সেরা সময়ের মতো কিছু মৌলিক তথ্য জিজ্ঞাসা করা হবে। যদি আপনার অন্য ভাষায় নথি অনুবাদ ও দোভাষীর প্রয়োজন হয় তাহলে তা ফ্রন্ট ডোরের কর্মীকে অনুগ্রহ করে জানান। যে ব্যক্তির সঙ্গে আপনি কথা বলবেন তিনি আপনাকে ফ্রন্ট ডোর এবং যোগ্যতার প্রক্রিয়া সম্পর্কে সবিস্তারে বর্ণনা করবেন, প্রয়োজনে কোনও পরিচর্যা সমন্বয় সংস্থার (CCO) সঙ্গে যোগাযোগ করিয়ে দিতে পারেন এবং আপনাকে আপনার প্রয়োজনীয় তথ্য পাঠাবে।

পরিচর্যা সমন্বয়

পরিচর্যা সমন্বয় সংস্থার (CCO) সঙ্গে যোগাযোগ করা হল এই প্রক্রিয়ার পরবর্তী গুরুত্বপূর্ণ পদক্ষেপ। কোনও CCO আপনাকে OPWDD যোগ্যতা ও Medicaid-এর জন্য সাহায্য করতে পারবে এবং আপনাকে OPWDD পরিষেবা অ্যাক্সেস ও আপনার পরিকল্পনার ক্ষেত্রে সাহায্য করতে পারে। যদি দেখা যায় যে আপনি OPWDD-এর জন্য যোগ্য এবং আপনার কেয়ার ম্যানেজমেন্টের সাহায্যের প্রয়োজন, তাহলে আপনার জন্য আপনার বেছে নেয়া CCO থেকে একটি কেয়ার ম্যানেজার নিযুক্ত করা হবে। আপনার কেয়ার ম্যানেজার আপনাকে জীবনের পরিকল্পনা তৈরি করতে সাহায্য করবেন এবং আপনার প্রয়োজনীয় OPWDD পরিষেবা পেতে সংযুক্ত করবেন। অনুগ্রহ করে মনে রাখবেন: কিছু কমিউনিটিতে, যেখানে উপলব্ধ সেখানে আপনি CCO-এর বদলে একটি অ-Medicaid পরিষেবা সমন্বয় (N-MSC) কর্মীর কাছে আপনাকে রেফার করা হতে পারে।

যোগ্যতা

আপনি ইতিমধ্যেই OPWDD-এর জন্য যোগ্য নন, আপনাকে নির্দিষ্ট কিছু নথি প্রদান করতে হবে ও মূল্যায়ন করাতে হবে যাতে আপনার যোগ্যতা নির্ণয় করা যায়। কিছু কিছু ক্ষেত্রে, আপনাকে নতুন করে মূল্যায়ন করাতে হতে পারে। আপনার CCO বা অ-MSC সংস্থা আপনাকে যোগ্যতা নির্ণয়ের প্রক্রিয়ার ক্ষেত্রে সাহায্য করবে।

তথ্য প্রদান পর্ব

ফ্রন্ট ডোরের তথ্য প্রদান পর্বে, আপনি OPWDD পরিষেবা ও পরিষেবা শুরু করতে প্রয়োজনীয় পদক্ষেপ সম্পর্কে জানতে পারবেন। পরিবারের একজন সদস্য বা আইনজীবী আপনার হয়ে অংশ নিতে পারেন। আপনার ওয়েলকাম প্যাকেটে আপনার এলাকায় আসন্ন পর্বের সময়সূচি দেয়া আছে। OPWDD-এর ওয়েবসাইটেও সেশনের সময়সূচি দেয়া আছে: https://opwdd.ny.gov/। ফ্রন্ট ডোরের প্রক্রিয়ার যে কোনও সময় আপনি তথ্য প্রদান পর্বে যেতে পারেন, তবে প্রক্রিয়াতে আগে থেকে যোগ দেয়াই ভালো। অংশগ্রহণ করার জন্য আপনাকে OPWDD পরিষেবার জন্য যোগ্য হতে হবে না। আপনি সেশনে যোগ না দেয়া পর্যন্ত বেশিরভাগ পরিষেবা ও সহায়তা শুরু করা যাবে না। যদি আপনি নিজেই নিজের পরিষেবার নির্দেশ দিতে চান, তাহলে আপনার জন্য প্রাথমিক বাজেট অনুমোদিত হওয়ার আগে আপনাকে স্ব-নির্দেশনার তথ্য প্রদান পর্বে অংশ নিতে হবে।

পরিষেবা প্রয়োজনীয়তার মূল্যায়ন

ফ্রন্ট ডোরের কর্মী ও আপনার কেয়ার ম্যানেজার (যদি আপনার একজন কেয়ার ম্যানেজার উপলব্ধ থাকেন) আপনার শক্তিশালী দিক ও সহায়তা প্রয়োজন এমন দিক চিহ্নিত করার জন্য আপনার সঙ্গে কথা বলে **বিকাশগত প্রতিবন্ধকতা প্রোফাইল (DDP2)** সম্পূর্ণ বা সংশোধন করবেন। যদি আপনার বয়স 18 বা তার বেশি হয় এবং OPWDD যোগ্য এমন নতুন কেউ হন, তাহলে আপনি **কোঅর্ডিনেটেড অ্যাসেসমেন্ট সিস্টেম (CAS) মূল্যায়ন** সম্পূর্ণ করতে OPWDD-এর সঙ্গে কাজ করবেন। এটি হল OPWDD-এর ব্যক্তি কেন্দ্রিক প্রয়োজনীয়তার মূল্যায়ন।

পরিবারের একজন সদস্য/আইনজীবী আপনার সঙ্গে অংশ নিতে পারেন। যদি আপনার হয়ে পরিবারের একজন সদস্য/আইনজীবী ফ্রন্ট ডোর তথ্য প্রদান পর্বে অংশ নেন, তাহলে সেই ব্যক্তিকে আপনার মূল্যায়নে থাকতে হবে।

পরিষেবার জন্য পরিকল্পনা

ফ্রন্ট ডোর প্রক্রিয়ার সময়, আপনার প্রয়োজনীয় পরিষেবা ও সহায়তা চিহ্নিত ও পরিকল্পনার করতে আপনি আপনার কেয়ার ম্যানেজারের সঙ্গে কাজ করবেন। আপনার পরিবার ও কমিউনিটি যে সহায়তা পান তার পাশাপাশি আপনার আগ্রহ, ইতিমধ্যেই প্রাপ্ত পরিষেবা ও সহায়তা, বর্তমানে আপনি কি করছেন এবং আপনার ভবিষ্যতের পরিকল্পনা সম্পর্কে জানাতে ভুলবেন না। সৎ ও নির্ভুলভাবে জানান – আপনার কেয়ার ম্যানেজার আপনার ও আপনার প্রয়োজনীয়তা সম্পর্কে যত বুঝবেন, আপনার **জীবনের পরিকল্পনা** তত ভালো হবে। আপনার কেয়ার ম্যানেজার আপনার প্রয়োজনীয় পরিষেবাগুলির জন্য OPWDD অনুমোদনের অনুরোধ করবে এবং আপনার জীবন পরিকল্পনায় তালিকাভুক্ত পরিষেবাগুলি এবং সহায়তা প্রদান করতে এজেন্সি চিহ্নিত করতে, যোগাযোগ করতে এবং বেছে নিতে সহায়তা করবে।